

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

তারিখ: ৩০/০৯/২০২১ খ্রিঃ


স্মারক নং: ৪৭.৬২.১৯৭২.১০৯.১৮.০১০.১৭. ১৭০

সভার নোটিশ

লাকসাম উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আপনাদের ০৪/১০/২০২১ খ্রিঃ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী:

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২. মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় ও ঋণ বিতরণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৩. ৫০ তম জাতীয় সমবায় দিবস সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৪. বিবিধ।



মোঃ শরীফ মজুমদার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, লাকসাম, কুমিল্লা।

তারিখ: ৩০/০৯/২০২১ খ্রিঃ

স্মারক নং: ৪৭.৬২.১৯৭২.১০৯.১৮.০১০.১৭. ১৭০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
০৩. মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৪. জনাব..... সদস্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৫. জনাব..... সদস্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও
চেয়ারম্যান/.....: ইউপি।
০৬. অফিস কপি।



মোঃ শরীফ মজুমদার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, লাকসাম, কুমিল্লা।

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটি সভার কার্যবিবরণী

স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখঃ ০৪/১০/২০২১ খ্রিঃ

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য

অধ্যকার সভা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের সভাপতিত্বে যথাসময়ে আরম্ভ হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচী ০১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচ্যসূচী ০১ মোতাবেক উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কোন প্রকার সংযোজন বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

আলোচ্যসূচী ০২ঃ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় ও ঋণ বিতরণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচ্যসূচী ০২ মোতাবেক উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিআরডিবি'র সকল প্রকল্প/কর্মসূচীর ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে। কিন্তু খেলাপী ঋণ লক্ষ্যমাত্র অনুযায়ী আদায় হচ্ছেনা। খেলাপী ঋণ আদায়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভাপতি মহোদয়সহ উপস্থিত সকলে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।


সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে এ বিষয়ে সকল সদস্যগণ একমত পোষন করেন এবং প্রস্তাবটি সভায় অনুমোদিত ও গৃহীত হয়।

আলোচ্যসূচী ০৩ঃ ৫০ তম জাতীয় সমবায় দিবস আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, করোনার কারণে সমিতির অডিট ও অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চালানো সম্ভব হচ্ছেনা। তাছাড়া অফিসিয়াল অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নভেম্বর মাসের প্রথম সপ্তাহে ৫০ তম জাতীয় সমবায় দিবস অনুষ্ঠিত হবে। সকলের উপস্থিতি এবং সহযোগিতা কামনা করেন। ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক জানান আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম সন্তোষজনক হচ্ছে তাছাড়া ঋণ বিতরণ সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কিন্তু খেলাপী ঋণ লক্ষ্যমাত্র অনুযায়ী আদায় হচ্ছেনা। খেলাপী ঋণ আদায়ে ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভাপতি মহোদয়সহ উপস্থিত সকলে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে এ বিষয়ে সভা একমত পোষন করেন এবং করোনাকালীন সময়ে স্বাস্থ্য বিধি মেনে সকল কার্যক্রম চলমান রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৪/১০/২১
(পড়শী সাহা)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি

লাকসাম, কুমিল্লা।

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সদস্যদের উপস্থিতিঃ

তারিখ : ০৪/১০/২০২১খ্রিঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব পড়শী সাহা	সভাপতি, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ রুহুল আমিন চেয়ারম্যান, আজগরা ইউপি	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ নিজাম উদ্দিন শামীম চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব মোঃ সাইফুল ইসলাম শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ শাহজান মিয়া উপজেলা সমবায় অফিসার	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ শরীফ মজুমদার উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা	সদস্য সচিব	স্বাক্ষরিত